

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৭০(আগরতলা-১১।১০)
কৈলাসহর, ১১ অক্টোবর, ২০১৭।

প্রাকৃতিক বিপর্যয় : কৈলাসহর সভা

বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে কৈলাসহরে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে মূল অনুষ্ঠানটি হবে আগামী ২৪ অক্টোবর। এই কর্মসূচিকে সফল করে তুলতে গতকাল কৈলাসহর মহকুমা শাসক কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। ভারপ্রাপ্ত মহকুমা শাসক এল. রানচালের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মধুময় মালাকার, ডি.সি. দেবী হালাম ও সোমা দেব সহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। কর্মসূচি অনুযায়ী ২৪ অক্টোবর আর.কে. ইনস্টিটিউশনে অনুষ্ঠিত হবে বিপর্যয় মোকাবিলা বিষয়ে বসে আঁকো এবং কুইজ প্রতিযোগিতা। সকাল ৯টায় উনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হবে স্বেচ্ছা রক্তদান শিবির। এরপর বেলা ১১ টায় হবে বর্ণাঢ্য র্যালী। র্যালীর পর আয়োজিত হবে বিপর্যয় মোকাবিলা বিষয়ক মহড়া।
